

## জরুরি কল সেন্টারসমূহ

**কল সেন্টার ৯৯৯:**বাংলাদেশ পুলিশের অধীনে পরিচালিত একটি জরুরি কল সেন্টার। এ কল সেন্টার থেকে পুলিশ, ফায়ার সার্ভিস ও এম্বুলেন্স সংক্রান্ত জরুরি সেবা প্রদান করা হয়। দেশের যে কোন প্রান্ত থেকে যে কোন ব্যক্তি ৯৯৯ নম্বরে কল করার মাধ্যমে এ সেবা গ্রহন করতে পারবেন। এ কল সেন্টারটি ২৪ ঘণ্টা চালু থাকে। ৯৯৯ একটি টোল ফ্রি নাম্বার। এই নাম্বারে কল করার জন্য কলারকে কোন টাকা খরচ করতে হয় না।

**কল সেন্টার ৩৩৩:**প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্তৃক পরিচালিত কল সেন্টার হচ্ছে ৩৩৩। এই কল সেন্টারের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের সাথে যোগাযোগ, নাগরিক সেবার পদ্ধতি, জেলা সম্পর্কিত তথ্য, ভেজাল দ্রব্য, বাল্যবিবাহ, ইভটিজিং, পরিবেশ দূষণ, দুর্ঘটনা, ভোক্তা অধিকার ইত্যাদি সম্পর্কে জানা যাবে। এই কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে প্রতিকারের জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে তথ্য প্রদান ও অভিযোগ জানানো যাবে। দুর্ঘটনার সময়ে সাহায্যের জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে আবেদনও করা যাবে। কল সেন্টারটি ২৪ ঘণ্টা সেবা প্রদান করবে।

**কল সেন্টার ১০৯৮:**সমাজসেবা অধিদপ্তরের তত্ত্বাবধানে সুবিধাবঞ্চিত নির্যাতিত ও বিপদাপন্ন শিশুদের ২৪ ঘণ্টা জরুরি সহায়তা সেবা প্রদানের জন্য চালু আছে ‘চাইল্ড হেল্প লাইন ১০৯৮’। এটি টোল ফ্রি নাম্বার। এই নাম্বারে কল করার জন্য কলারকে কোন টাকা খরচ করতে হয় না।

**কল সেন্টার ১০৯০:**নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নারী ও শিশু বিষয়ক হেল্পলাইন ১০৯০ চালু করা হয়েছে। কোনো বিপন্ন নারী জরুরি সাহায্য চাইলে তৎক্ষণাৎ ঘটনাস্থলের জরুরি খবর স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, পুলিশ প্রশাসন ও সংশ্লিষ্ট এনজিও সংগঠন এই চার জায়গায় একই সঙ্গে পাঠানো হয়ে থাকে। এটি টোল ফ্রি। এখানে ফোন দিলে কোন টাকা কাটা যাবে না।

**কল সেন্টার ১৬২৬৩:**স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস বিভাগ এই কল সেন্টারটি পরিচালনা করছে। এই কল সেন্টার থেকে স্বাস্থ্য সংক্রান্ত যে কোন বিষয়ে সরাসরি ডাক্তারের পরামর্শ গ্রহণ করা যাবে। ডাক্তারের পরামর্শ ছাড়াও সরকারি হাসপাতাল, ডাক্তারের তথ্য কিংবা স্বাস্থ্যসেবা বিষয়ক যে কোন তথ্য ও ফোন নম্বর পাওয়া যাবে। সরকারি ও বেসরকারি হাসপাতাল বিষয়ক অভিযোগও করা যাবে এই নম্বরে। এজন্য প্রতি মিনিট ২ টাকা ৪৫ পয়সা কলরেট প্রযোজ্য হবে।

**কল সেন্টার ১৬১২৩:**কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি তথ্য সার্ভিস কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে যে কোন সমস্যার তাৎক্ষণিক পরামর্শের জন্য ১৬১২৩ কল সেন্টার চালু করেছে।

**কল সেন্টার ১৬৭৬৭ :** মা ও শিশুস্বাস্থ্য পরামর্শে কল করুন ১৬৭৬৭-তে। পরিবার পরিকল্পনা ও মা ও শিশুর স্বাস্থ্য সংক্রান্ত তথ্য পরামর্শ দেয়ার জন্য এ কল সেন্টার।

**কল সেন্টার ১০৬:** দুর্নীতি দমন কমিশনের (দুদক) হটলাইন ‘১০৬’। এই নম্বরে কল করে বিনা খরচে দুদককে দুর্নীতির তথ্য, অভিযোগ জানানো যাবে। ২৪ ঘণ্টা চালু থাকবে এ হটলাইন।

**কল সেন্টার ১০৯:** নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার ১০৯। সকল মোবাইল এবং অন্যান্য টেলিফোন হতে এই নম্বরে ২৪ ঘণ্টা ফোন করা যায় (টোল ফ্রি)। এই সেন্টারের মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশু, তাদের পরিবার এবং সংশ্লিষ্ট অন্যান্য সকলে প্রয়োজনীয় তথ্য, পরামর্শসহ দেশে বিরাজমান সেবা এবং সহায়তা সম্পর্কে জানতে পারবেন।

